PROGRAMME SCHEDULE

DAY 1: 13TH JANUARY 2018 (SATURDAY)

Registration: 10 am to 11 am
Inaugural Session: 11 am to 11.45 am
Venue: Seminar Room
Welcome Address: Srideep Mukherjee
Asst Coordinator, CLTCS, NSOU
About the Project: Dr Manan Kr Mandal
Coordinator, CLTCS, NSOU
Professor Sabiha Huq
Head, English Discipline, KU
Address by Guest of Honour Sri Prafulla Ray
Presidential Address by Professor Subha Sankar Sarkar
Hon'ble Vice Chancellor, NSOU
Vote of Thanks: Dr Sumana Bandopadhyay
Member CLTCS

Tea Break: 11.45 am to 12 noon

Session 1: 12 noon to 1.45 pm

Venue: Seminar Room
Professor Himadri Lahiri
Formerly Professor of English, University of Burdwan
Professor Ahmed Ahsanuzzaman
Professor of English, Khulna University
Interaction: 15 mins

Lunch: 1.45 pm to 2.15 pm

Session 2: 2.15 pm to 3.45 pm

Venue: Seminar Room
Professor Mizanur Rahman Khan
University of Rajshahi
Sadhan Chattopadhyay
Writer
Chair: Professor Himadri Lahiri
Interaction: 15 mins

Tea Break: 3.45 pm to 4 pm

Session 3(a): 4 pm to 5 pm

Venue: Board Room
Paper Presentation from Selected Abstracts
A total of 5 presentations of 8 mins each.
Discussion Time – 20 mins
Chair: Dr Manan Kumar Mandal

Session 3(b): 4 pm to 5 pm

Venue: Seminar Room
Paper Presentation from Selected Abstracts. A total of 5 presentations of 8 mins each. Discussion Time – 20 mins
Chair: Prof. Sabiha Huq

DAY 2: 14TH JANUARY 2018 (SUNDAY)

Session 4: 11 am to 1 pm

Venue: Seminar Room
Dr Sudip Ranjan Hatua
Rabindra Bharati University
Debarshi Chakraborty
Story Scholar,
1947 Partition Archive
Interaction: 15 mins

Interview Based Presentations by Project Researchers
3 presentations of 8 mins each
Moderator: Srideep Mukherje
Tea Break: 1 pm to 1.15 pm

Session 5: Collaborative Research Project

Coordinators Panel Presentation (1.15 pm to 1.45 pm)
Venue: Seminar Room
Dr Manan Kumar Mandal
Professor Ahmed Ahsanuzzaman
Professor Sabiha Huq
Srideep Mukherjee
Moderator: Dr Manan Kumar Mandal
Coordinator – CLTCS, NSOU

Technical Session for Researcher (Group 1)

at Board Room

Lunch: 1.45 pm to 2.15 pm

Session 6(a): 2.15 pm to 3.30 pm

Venue: Seminar Room
Paper Presentation from Selected Abstracts. A total of 7 presentations of 8 mins each. Discussion Time – 20 mins
Chair: Professor Ahmed Ahsanuzzaman

Session 6(b): 2.15 pm to 3.30 pm

Venue: Board Room

Paper Presentation from Selected Abstracts. A total of 7 presentations of 8 mins each. Discussion Time – 20 mins
Chair: Srideep Mukherjee

Valedictory Session: 3.45 pm to 4.30 pm

Venue: Seminar Room

পার্টিশন ও মুক্তিযুদ্ধের স্মৃতি: স্মরণ ও বিস্মরণ

আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালা ১

INTERNATIONAL SEMINAR AND WORKSHOP

Collaborative Research Project on Partition and the Liberation War of Bangladesh

পার্টিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক যৌথ গবেষণা প্রকল্প

Centre for Language, Translation & Cultural Studies (CLTCS)
School of Humanities
Netaji Subhas Open University
Kolkata, India
www.cltcsnsou.in

English Discipline
Khulna University
Khulna, Bangladesh

NSOU Headquarters
Sector 1, DD 26, Salt Lake,
Kolkata-700064

১৩-১৪ জানুয়ারি ২০১৮

THE CENTRE

The Centre for Language, Translation and Cultural Studies (CLTCS) has been established under the aegis of the School of Humanities, Netaji Subhas Open University, Kolkata in 2016 as a self-financed entity.

As a Centre in the arena of studies in the Humanities, CLTCS is keen on undertaking research activities in related fields of translation and cultural studies, organising seminars and conferences that promise to chart new directions, and also offering language and translation based self-financed courses to be offered by trained faculty and state of the art infrastructural resources.

The mission of the Centre is to establish itself as a hub for interactions between various Indian languages and literatures, promoting humanistic studies in interdisciplinary fields where language experts need to foray, and thereby emerge as a point of convergence between infinite strands of Indian cultural thought.

প্রকল্প সম্পর্কে

পার্টিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক এমন অভিনব গবেষণা প্রকল্পে আপনাকে স্বাগত জানাই। এই গবেষণা প্রকল্প একটি গণ গবেষণা প্রকল্প হিসেবে পরিকল্পিত। যাকে বলা যেতে পারে "পিপল্‌স্‌ রিসার্চ প্রজেক্ট"। যথার্থ অর্থেই গবেষণার ক্ষেত্রে উন্মুক্ত পরিসর তৈরি করার লক্ষ্যে এমন পরিকল্পনা। মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রসারিত শিক্ষা পরিসরে এই প্রকল্পের বিস্তার। ভারত-বাংলাদেশের দুটি বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগ এই প্রকল্পকে বাস্তবায়িত করতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রথম পর্যায়ে প্রায় এক বছর মেয়াদে এই প্রকল্পের মাধ্যমে পার্টিশন ও মুক্তিযুদ্ধ-বিষয়ক ব্যক্তিগত স্মৃতি, স্মারক ও সাহিত্যের উপাদান সংগ্রহ ও তার সংরক্ষণের পরিকল্পনা বিষয়ে আলাপ-আলোচনা চলবে। মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরিসরে এই গবেষণা প্রকল্প সুনির্দিষ্ট রীতি ও পরিকল্পনা অনুযায়ী সমাজের সর্বস্তরের আগ্রহী ছাত্রছাত্রী, গবেষক, শিক্ষক ও সাধারণ মানুষ এই প্রকল্পে অংশ নিতে পারেন। প্রকল্পটি বিদ্যায়তনিক বৃত্তের বাইরে এইসব স্বর, স্মৃতি ও দৃষ্টিভঙ্গিকে তুলে ধরতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রকল্পের পরিকল্পিত প্রথম আলোচনাচক্র ও কর্মশালা আয়োজিত হচ্ছে কলকাতার সল্টলেকে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের মূল ভবনে। পরেরগুলিও নির্দিষ্ট সময়ে ঘোষণা করা হবে। প্রকল্পটি সম্পর্কে বিস্তারিত পাওয়া যাবে ওয়েবসাইটে WWW.CLTCSNSOU.IN

ক্ষেত্র সমীক্ষা/ নমুনা সংগ্রহ

প্রতিটি পর্যায়ে ৫জনের সমীক্ষক দল প্রস্তুত করা হবে। এই দলের গ্রুপ-লিডার হবেন একজন এসিস্ট্যান্ট প্রফেসর; যাঁকে মনোনীত করবেন প্রকল্প অধিকর্তারা। এই গ্রুপ লিডার নির্দিষ্ট সময় অন্তর প্রকল্প অধিকর্তাদের সঙ্গে যোগাযোগ রাখবেন ও সংগৃহিত অডিও-ভিডিও টেপ এবং অন্যান্য উপাদানের ডিজিট্যাল কপি প্রেরণ করবেন।

প্রথম পর্বে জেলা / ডিভিশন অনুযায়ী সমীক্ষকের দল প্রস্তুতি চূড়ান্ত হবে। তারপর প্রতি গ্রুপের গ্রুপ-লিডার মনোনয়নের কাজ সম্পন্ন হবে। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনে সাক্ষাৎকার নেওয়া যেতে পারে।

ক্ষেত্র-সমীক্ষার জন্য প্রকল্প নির্ধারিত ন্যূনতম সাম্মানিক সমীক্ষক পাবেন। রেকর্ডিং ও কম্পিউটার প্রসেসিং এর জন্য প্রতিষ্ঠানের দপ্তরে সাহায্য উপলব্ধ হবে।

- কোনো স্থায়ী গবেষণা-বৃত্তি এই প্রকল্পের অধীনে প্রদান করা হবে না।
- সংগৃহিত উপাদানের শুধুমাত্র 'ডিজিটাল ফর্ম্যাট'টি প্রদানকারীর অনুমতি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করবে। এই সংগৃহিত উপাদান প্রকল্পের ডিজিট্যাল সংগ্রহশালায় সংগ্রাহকের নামে উপস্থাপিত হবে।

ভৌগোলিক এলাকা

পশ্চিমবঙ্গ - কোলকাতা, উত্তর ২৪পরগনা, দক্ষিণ ২৪পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ

বাংলাদেশ - সাতক্ষীরা, খুলনা, যশোর

বিষয়ভিত্তিক প্রস্তাবনা

পার্টিশন স্মৃতি ও সাহিত্য বিষয়ক যৌথ গবেষণা প্রকল্পের প্রথম আলোচনাচক্র ও কর্মশালা আগামী ১৩ ও ১৪-ই জানুয়ারি কলকাতায় অনুষ্ঠিত হবে। আলোচনাচক্র ও কর্মশালাটি পার্টিশন স্মৃতির প্রেক্ষিত ও পরিসর বিষয়ে আলোকপাত করবে। বাংলা-পার্টিশন এর ঐতিহাসিকতা ও তৎপরবর্তী বিভিন্ন ঘটনাক্রমের গুরুত্ব আলোচনার মধ্যে আসবে। ভারতীয় উপমহাদেশে মানববিদ্যা চর্চার একটি গুরুত্বপূর্ণ দিক হিসেবে পার্টিশন কীভাবে দীর্ঘমেয়াদী পরিসরে প্রভাব বিস্তার করেছে এবং বাংলা ও ইংরাজি লেখালিখির জগতে জায়গা নিয়েছে সেসব বিষয়ে আলাপ-আলোচনা উপক্রমণিকা হিসেবে এখানে উত্থাপিত হবে।

যৌথ উদ্যোগের এই গবেষণা প্রকল্পটির একটি গুরুত্বপূর্ণ দিক হ'ল পার্টিশন স্মৃতি ও ব্যক্তিক পরিসরে পার্টিশন-লেখালিখি সংগ্রহ করা। সুনির্দিষ্ট ও চিহ্নিত পরিসরে এই কাজ করা হবে—বিভাজিত জাতীয় সীমান্তের দু'পাশে। আগ্রহী গবেষকরা এই সংগ্রহ ও সংরক্ষণের প্রাথমিক পর্বের কাজ করবেন। আলোচনাচক্রটির মাধ্যমে পশ্চিমবঙ্গের নিবন্ধীকৃত ও নির্বাচিত বিভিন্ন গবেষকের সামনে এই প্রকল্প তুলে ধরবে তার প্রত্যাশা ও কাজের পরিকল্পনা।

ব্যক্তিক অনুভূতি ও অভিজ্ঞতার সংরক্ষণের পদ্ধতি কোনো চিরাচরিত পদ্ধতিতে সম্পূর্ণ করা এখানে অভিপ্রায় নয়। ইতিহাস ও সমাজবিজ্ঞানের বিভিন্ন বিশেষ পদ্ধতি-প্রকরণের আলাপ-আলোচনা শোনা ও বোধগম্যতার মধ্যে আনা গবেষকদের নিজস্ব দায়িত্ব। যদিও এই প্রকল্প সমাজতাত্ত্বিক বিশ্লেষণের গুরুদায়িত্ব নিয়ে পরিকল্পিত নয়, বরং এখানে ঐতিহাসিক ঘটনার ব্যক্তিক বয়ান, তার গল্প-বয়ান (ন্যারেটিভ), সাহিত্যের হারানো বয়ান, ডায়েরি, সর্বোপরি স্মৃতির কথ্য বয়ানের (MEMORY SPEECH) ওপর দাঁড়িয়ে দুই রাষ্ট্রের বাংলা ও বাঙালির সাহিত্যকে দেখতে চাওয়াই এখানে লক্ষ্য। ব্যক্তিগত বয়ানে নীরবতা (SILENCE)র মাপজোক-এর আগ্রহও থাকবে। উঠবে পরিচিতি সত্তার(IDENTITY) প্রশ্ন, দেশ-সীমান্ত ইত্যাদির স্মৃতিভাষ্য, কেমন 'হারানো দেশ' (LOST HOME) স্মৃতির মধ্যে জায়মান –সে সব ইঙ্গিত, ইশারা।

উত্তর প্রজন্মের দৃষ্টিতে পার্টিশন বাস্তবতা কেমন? কীভাবে '৪৭ ও '৭১ এর ঐতিহাসিক বাস্তব আজও আর্থ-সামাজিক পরিসরে জায়গা করে নিয়েছে, জন্ম দিয়েছে বিবিধ জটিলতার--সেসব নিয়ে এই প্রকল্প আগ্রহী। উত্তর প্রজন্মের চোখে পার্টিশন ও তার রচিত সাহিত্যে কীভাবে সেই পার্টিশনের আবহ ফিরে আসছে তা নিয়ে আলোচনার যথেষ্ট প্রয়োজন রয়েছে।

পার্টিশনের প্রত্যক্ষ অভিজ্ঞতা, উদ্বাস্তু আগমন ও উদ্বাসনের ইতিবৃত্ত বহুমাত্রিক। এসবের ডকুমেন্টেশনের কোনো শেষ নেই। এই ডকুমেন্টেশনের কাজে নতুন মাত্রা যুক্ত করেছে পার্টিশন অভিজ্ঞতার স্মৃতি-সংরক্ষণ। বিশেষত নয়ের দশকের মাঝামাঝি থেকে এই বিষয়টি নিয়ে গবেষক ও আগ্রহীমহলে নতুন করে নাড়াচাড়া শুরু হয়। ভারতবর্ষে স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষ্যে পার্টিশনের বিধ্বংসী অতীত নতুন করে সামনে আনার প্রেক্ষাপট তৈরি হয়। তারপর দুটি দশকে এই ব্যক্তিক স্মৃতি (PERSONAL MEMORY) সংগৃহিত হয়েছে নানাভাবে, ডিজিট্যাল্‌ সংরক্ষণ, সাক্ষাৎকারের অনুলিপি প্রকাশ, ব্যক্তিগত স্মৃতিমূলক লেখালিখির একটি পরিসর দুই বাংলাতেই তৈরি হয়েছে। পাশ্চাত্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় গুলির 'সাউথ্‌ এশিয়ান স্টাডিজ' এর অন্তর্গত বিদ্যায়তনিক চর্চার পরিসরে সেই সংরক্ষণ ভিন্ন মাত্রা লাভ করেছে। বেশ কিছু প্রয়াস আছে ব্যক্তিগত স্তরে এবং বেসরকারি স্তরে। মোটের ওপর এসব স্মৃতি সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্ব পেয়েছে নাগরিক প্রতিবেশ (মূলত শহরবাসী উচ্চ-মধ্যবিত্ত সমাজের প্রতিনিধিদের সংখ্যাধিক্য এধরনের সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে চোখে পড়ে)। দ্বিতীয়ত, জেলা ও জেলা সদরের পার্শ্ববর্তী অঞ্চলে, গ্রামাঞ্চলে পরিকল্পিত ও বলপূর্বক কোনো উদ্বাসনের (FORCED MIGRATION) ক্ষেত্রেও পার্টিশন স্মৃতির একটি বিপুল পরিসর পড়ে আছে যেখানে দৃষ্টিক্ষেপ করা প্রয়োজন।

আলোচনার পরিসর

গবেষণা প্রকল্প আয়োজিত প্রথম আলোচনাচক্রটি নিম্নলিখিত বিষয়গুলির গুলির ওপর আলোকপাত করতে চায়

- ১৯৪৭এর বাংলা-পার্টিশন ও ভারতবর্ষের স্বাধীনতার ব্যক্তিগত স্মৃতি সংরক্ষণের প্রয়োজনীয়তা ও তার বাস্তবতা
- পার্টিশন স্মৃতি সংরক্ষণের বিভিন্ন প্রকল্প ও উদ্যোগ
- দেশভাগের সীমান্তরেখা ও তার বিভ্রম
- অপ্রকাশিত ডায়েরি ও চিঠিপত্র (পার্টিশন–উদ্বাসন ও মুক্তিযুদ্ধ সমকালীন অভিজ্ঞতা)
- গ্রাম ও মফঃস্বলের উদ্বাসন অভিজ্ঞতা (উত্তর ২৪পরগনা, দক্ষিণ ২৪পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, হাওড়া, হুগলি, মেদিনীপুর, বর্ধমান, বীরভূম) ভিডিও/অডিও-টেপ সাক্ষাৎকার (সর্বোচ্চ ৩০মিনিট), সাক্ষাৎকার প্রার্থীর বয়স ন্যূনতম ৭০বছর
- বিস্মৃত ও হারিয়ে যাওয়া পার্টিশন ও উদ্বাস্তু বিষয়ক গল্প-উপন্যাস-নাটক-কবিতা সংকলন; কলকাতার বাইরে প্রকাশিত গ্রন্থ
- মুক্তিযুদ্ধের স্মৃতিঃ পশ্চিমবঙ্গীয় প্রেক্ষাপট
- বাংলাদেশ মুক্তিযুদ্ধের অভিঘাত: বাঙালির চেতনা